06893/10

I-07310/10

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

815642

Sambhu nath Dey

**<u>দানপত্র দলিল</u> ঃ-**

**<u>দানপত্র গ্রহিত্রী</u> ঃ-**

শ্রীমতী অঞ্জলি দে, স্বামী শ্রী শম্ভুনাথ দে, জাতি- ভারতীয় হিন্দু, পেশা- ব্যবসা, নিবাস- ১৮৮, বনমালী ব্যানার্জ্জী রোড, কোলকাতা ৭০০০৮২, থানা- ঠাকুরপুকুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, রাজ্য - পশ্চিমবঙ্গ ।

---

Serial 3408
Date
Name
Address

A. K. Purkayastha (Stamp Vender)
Alipore Police Court, Kol-27

20/07/2010
Rajesh Dutta. Adv
Alipore Judges' Court
Kol 27

Rs. 5000/-

Identified by me.
Aul Haque Sardar
S/o - Samsuddin Sardar
96/2, Birendra Road Kol.
Kol - 41
Occupation - Business.

District Sub-Registrar-II, Alipore
South 24-Parganas

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 26
Page from 5037 to 5049
being No 07310 for the year 2010.

(Sadhan Chandra Das) 02-August-2010
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
West Bengal

3-8-10

Sambhunath Dey

দানপত্র দাতা ঃ-

শ্রী শম্ভুনাথ দে, পিতা স্বর্গীয় অমূল্য চন্দ্র দে, জাতি- ভারতীয় হিন্দু, পেশা- ব্যবসা, নিবাস- ১৮৮, বনমালী ব্যানার্জ্জী রোড, কোলকাতা ৭০০ ০৮২, থানা- ঠাকুরপুকুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, রাজ্য - পশ্চিমবঙ্গ ।

---

কস্য নিম্ন তপশীল বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ৪ (চার) কাঠা ১৫ (পনেরো) ছটাক ৪০ (চল্লিশ) বর্গফুট পরিমিত বাস্তু জমি মায় ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তির নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, থানা- ঠাকুরপুকুর, এ.ডি.এস.আর. অফিস- বেহালা, সদর আলিপুর, রেঃ. সাঃ. নং ২৯, জেঃ. এলঃ. নং ১১, মৌজা- সিরিটী গ্রামে ১১৮ নং খতিয়ান ভুক্ত ৭২৩ নং দাগে ৬ কাঠা ১৫ ছটাক জমির একায়েক মালিক ছিলেন জনৈক জীতেন্দ্র নাথ দাস, যিনি এককেতা সাফ্ বিক্রয় কোবালা দলিল মুলে উক্ত জমি সুনীল কুমার রায় গং দের কাছ হইতে খরিদ করেন । যাহা আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৬৮ নং ভল্যুমে ৮৭ নং হইতে ৯০ নং পাতায় লিখিত ১৯৭৪ সালের ৫৯৬১ নং দলিল মুলে লিপিবদ্ধ আছে ।

পরবর্তীকালে উক্ত জীতেন্দ্র নাথ দাস মহাশয়ের নগদ অর্থের প্রয়োজন হওয়ায় তিনি উক্ত ৬ কাঠা ১৫ ছটাক জমি আমাকে (অত্র দানপত্র দাতা) বিক্রয় করিয়া দখলীচ্যুত হন । যাহা আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ১৫ নং ভল্যুমে ৭৬ নং হইতে ৭৯ নং পাতায় ৩৫২ নং দলিল মুলে ১৯৭৮ সালে লিপিবদ্ধ আছে ।

অতঃপর আমি অত্র দানপত্র দাতা আমার উপরি উক্ত ভাবে খরিদা করতঃ উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমার নিজ নাম বর্ত্তমান দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে পত্তনাদি পূর্ব্বক ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দানে এবং তথায় কিয়দাংশে পাকা ছাদ যুক্ত দ্বিতল পাকা বাড়ী নির্মাণ করতঃ তাহাতে যাবতীয় মালিকীয় ও দখলী স্বত্ব পরিচালনে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে দখলে যাবতীয় কার্য্যাদি পরিচালনে সকলের জ্ঞাতসারে অদ্যাবধি বসবাসাদির দ্বারা ভোগ দখলীকার আছি ও হইতেছি । উক্ত সম্পত্তি দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ১১৫ নং ওয়ার্ডে অন্তর্গত ১৮৮ নং বনমালী ব্যানার্জ্জী রোড, কোলকাতা ৭০০ ০৮২ প্রেমিসেস্ হিসাবে পরিচিত ও চিহ্নিত আছে ।

এক্ষণে অত্র দানপত্র গ্রহীতা তুমি আমার স্ত্রী হইতেছো । বেশ কিছুদিন যাবৎ আমার শরীর ভালো চলিতেছেনা, তুমি আমাকে যথেষ্ট প্রকার আর্থিক সাহার্য্য অনেক দিন ধরিয়া করিয়া আসিতেছো এবং আমাকে আন্তরিক ভাবে যত্ন করিয়া আসিতেছো । আমি তোমার যত্নে ও ব্যবহারে অত্যন্ত প্রীত ও সন্তুষ্ট । তাই তোমার ভবিষ্যতের কথা চিন্তা করিয়া ও আমার গভীর স্নেহ নিদর্শন স্বরূপে আমার উপরি উক্ত উক্ত জমি জমা হইতে পাকা গৃহাদি বাদ দিয়া **৪ (চার) কাঠা ১৫ (পনেরো) ছটাক ৪০ (চল্লিশ) বর্গফুট পরিমিত** বাস্তু জমি মায় ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি যাহা দলিল গ্রথিত নকসায় দর্শিত হইল, তাহা অত্র দানপত্র গ্রহীতা তোমাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে তুমি উক্ত দান গ্রহণ করিতে সন্মত হইলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে চিরকালের জন্য দান করিয়া দিয়া এতদনারা স্বীকার, অঙ্গীকার ও প্রকাশ করিতেছি যে, উক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব সামিত্ব, লোভ্য যাহা কিছু ছিল বা আছে তাহা আমি তোমাকে নিঃস্বত্ব দান করিয়া তাহাতে

Sambhunath Dey



তোমাকে দখল দিয়া আমি চিরতরে নিঃস্বত্ব হইয়া অত্র দানপত্র দলিল তোমার অনুকূলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ।

দানপত্র দাতা আমি আরও স্বীকার অঙ্গীকার প্রচার ও প্রকাশ, করিতেছি যে, দানকৃত নিম্নের তপশীলে বর্ণিত সম্পত্তিতে দানপত্র দাতা আমার অদ্যাবধি যাহা কিছু স্বত্ব, সামিত্ব হক, হকিয়ৎ মালিকানা ও দখল অধীকার যাহা কিছু ছিল বা আছে এবং ভবিষ্যতে যাহা কিছু বর্ত্তইতে পারে তদ্‌সমুদয় অদ্য হইতে দানপত্র দাতা আমা হইতে সম্পূর্ন রূপে অত্র দলিল বলে তোমার অনুকূলে বর্তাইল বা অর্পিল, অত্র দানপত্র গ্রহীতা তুমি অদ্য হইতে দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলীকার কায়েম হইয়া সরকারী ও বে-সরকারী সেরেস্তায় ও স্থানীয় দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অফিসে সাবেক নাম খারিজ পূর্ব্বক তোমার নিজ নিজ পত্তনাদি করিয়া লইয়া ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি আদায়ে দান, বিক্রয়, বন্ধাকাদি মায় সকল প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের সর্ববিধ ক্ষমতা যুক্তে তুমি পরম সুখে যোল আনার অর্থাৎ উক্ত য় সম্পত্তি মালিক স্বরূপে যদৃচ্ছা সহকারে ভোগ দখল করিতে থাকো ও থাকিবে, তাহাতে দানপত্র দাতা আমি মায় আমার অপর কোন ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালেও কোনপ্রকার ওজর আপত্তি বা বাধা নিষেধ করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদালতে বাতিল ও নামাঞ্জুর বলিয়া গণ্য হইবে।

দানপত্র দাতা আমি আরও প্রকাশ প্রচার করিতেছি যে, অত্র দানপত্র দলিলে দানকৃত সম্পত্তি বা উহার কোন অংশ আমি ইতিপূর্ব্বে কাহাকেও কোনপ্রকার দান, বিক্রয়, বন্ধাকাদি দিই নাই বা করি নাই বা কাহারও সহিত কোনপ্রকার লিখিত বা মৌখিক বায়না পত্র বা চুক্তি পত্রে আবদ্ধ হই নাই বা কোন অগ্রীম অর্থ কড়ি লই নাই, বা উহা কোন বাকী পরা বা

Sambhu nath Dey

খাজনা বা ট্যাক্সের দায়ে কোন আদালত কর্তৃবা উক্ত সম্পত্তিতে কোন ভাড়াটিয়াদি নাই, ইহাতে কোন চার্জ্জ বা লিয়েন নাই, উহা কাহারো খোক নিলাম বা বিক্রয় হয় নাই, বা উহা কোন খোরপোষের দায়ে আবদ্ধ নহে, উহা কোন সরকারী বা বে-সরকারী প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই কিম্বা তদ্মর্মে অদ্যাবধি কোনপ্রকার নোটীশাদি আমার উপর জারী হয় নাই বা পাই নাই, উহা কোন মোকর্দ্দমার বিষয়ীভুক্ত সম্পত্তি নহে, উহাতে কোন মন্দির, মসজিদ বা গীর্জা নাই, উহা কোন দেবত্তর কিম্বা পীরত্তর সম্পত্তি নহে, উহা আমরা কাহারো নামে বে-নাম করিয়া রাখি নাই বা আমি কাহারো বে-বেনামদার নহি, উক্ত সম্পত্তি আমি কোনপ্রকারে দায়বদ্ধ করিয়া রাখি নাই, অত্র সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার নিজ খাসে আছে এবং তাহা দান করিবার আমার উত্তম ও উপযুক্ত ক্ষমতা যুক্তে স্বত্ব বিদ্যমান আছে, অত্র দানপত্র দাত্রী আমি অত্র দলিলের দানকৃত সম্পত্তি অত্র দানপত্র গ্রহীতা তোমাকে দান করিয়া দিলাম এবং উহাতে অদ্যাই তোমাকে খাস ও খোলসা দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে আমার উপরোক্ত বর্ণনা সমূহের কোনরুপ মিথ্যা তঞ্চকী বা অপ্রকৃত বলিয়া প্রকাশ পায় বা উক্ত সম্পত্তির নিরঙ্কুশ স্বত্ব দখল পরিচালনে অত্র দানপত্র গ্রহীতা তাহা তোমার কোনরুপ হানি বা ভোগ দখলের বিঘ্ন ঘটে তবে অত্র দানপত্র দাতা আমি অত্র দানপত্র গ্রহীতা তোমার বা ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণের তলবে ও খরচায় সংশোধনী দলিল আমি মায় আমার ওয়ারেশানগণ তথা স্থলাভিষিক্তগণক্রমে সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিব। যদি কোন সরকারী অফিস/আধা সরকারী অফিসে তোমার (দানপত্র গ্রহীতা) নামীয় সরকারী খাতায় নাম তুলিতে গেলে বা কোন সরকারী কাগজে সহি সম্পাদন করাইবার প্রয়োজন হইলে আমি (দানপত্র দাতা) মায় আমার ওয়ারিশানগণ বা উত্তরাধিকারীগন বা

Soumitra Chatterjee



স্থলাভিষিক্তগণক্রমে উক্ত সময়ে উক্ত সরকারী কাগজ পত্রাদিতে বা আধা-সরকারী কাগজ পত্রাদিতে সহি সম্পাদন বা সাক্ষর করিতে সর্ব সময় তোমাকে (দানপত্র গ্রহিতাকে) সাহায্য করিতে বাধ্য থাকিবে বা থাকিবেক ।

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ৫,০০,০০০. (পাঁচ লক্ষ) টাকা হইতেছে ।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায়, স্বজ্ঞানে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিল পাঠ করিয়া এবং ইহার মর্ম সম্যক সবিশেষ অবগত হইয়া আমরা অত্র দানপত্র দাতা নিম্ন লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে অত্র দানপত্র গ্রহীতা তোমার নিজ নিজ নাম বরাবর অত্র দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম । ইতি - তারিখ ইংরাজী ২০১০ সালের ২২শে জুলাই মোতাবেক বাংলা সন ১৪১৭ সালের ৬ই শ্রাবণ।

## দানকৃত সম্পত্তির তপশীল পরিচয় ও বিবরণ ঃ-

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, থানা- ঠাকুরপুকুর, এ.ডি.এস.আর. অফিস- বেহালা, সদর আলিপুর, রেঃ. সাঃ. নং ২৯, জেঃ. এলঃ. নং ১১, মৌজা- সিরিটী গ্রামে ১১৮ নং খতিয়ান ভুক্ত ৭২৩ নং দাগে মোট ৬ কাঠা ১৫ ছটাক জমির মধ্য হইতে চিহ্নিত ও চৌহদ্দিস্থিত বাংলা মাপে কমবেশ **৪ (চার) কাঠা ১৫ (পনেরো) ছটাক ৪০ (চল্লিশ) বর্গফুট পরিমিত** বাস্তু জমি মায় **১০০ বর্গফুট** মায় যাবতীয় আকর আওলাতাদি স্ব-সাজপাটাদি ও তৎসহ উক্ত সম্পত্তির সংলগ্ন বহাল রাস্তাদি ব্যবহারাদির সর্ব্বপ্রকার ইজমেন্ট বর্ত্তা স্বত্বাদি সহ যাহা অত্র দানপত্র দলিল সাথ গ্রথিত ও সংযুক্ত একাংশীভূত নকস্যায় **'লাল'** সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত **হইয়াছে,** **ইহাই** অত্র দানপত্র দলিলের বিষয়ভুক্ত দানকৃত সম্পত্তি হইতেছে । দানকৃত সম্পত্তি বর্ত্তমান দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১৫

Sombhu nath Dey



নং ওয়ার্ডের অধীন ১৮৮, বনমালী ব্যানার্জ্জী রোড, কোলকাতা ৭০০০৮২, প্রেমিসেস্ হিসাবে পরিচিত ।

দানকৃত সমগ্র সম্পত্তির চৌহদ্দি ঃ-

উত্তর ঃ- শ্রী শ্যামল ভট্টাচার্য্য এর জমি ও বাড়ী ।

দক্ষিণে ঃ- দাতার বাড়ী ও শ্রী সুবীর রায় এর জমি ও বাড়ী ।

পুর্ব্বে ঃ- দাগ নং ৭২৪ ।

পশ্চিমে ঃ- ১২' ফুট চওড়া কে.এম.সি. রোড ।

আমি অত্র দানপত্র গ্রহীতা অত্র দান
সানন্দে শ্রদ্ধার চিত্তে গ্রহণ করিলাম ।

Anjali Dey
দানপত্র গ্রহীতার স্বাক্ষর-

Sombhu nath Dey
দানপত্র দাতার স্বাক্ষর-

ই সা দি ঃ-

১) Sandip Kr. Dey
188, Banamali Banerjee Road
KOLKATA - 700082.

২) Rajib Dey
188, Banamali Banerjee Rd.
Kolkata - 700082

মুসাবিদাকারক ঃ-
[signature]
(রাজেস দত্ত)
এ্যাডভোকেট,
আলিপুর জজ কোর্ট,
কোলকাতা-৭০০০২৭ ।



কমপিউটারে অক্ষর বিন্যাস ঃ-
GBose
(গোবিন্দ বসু)
আলিপুর জজ কোর্ট,
কোলকাতা ৭০০ ০২৭ ।

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R.-II SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 06893 / 2010

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Shambhu Nath Dey | Sambhu nath Dey 22.07.10 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Shambhu Nath Dey Address -188, Banamali Banerjee Road, Thana:-Thakurpukur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700082 | Self |  22/07/2010 |  LTI 22/07/2010 | Sambhu nath Dey |
| 2 | Anjali Dey Address -188,, Banamali Banerjee Road, Thana:-Thakurpukur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700082 | Self |  22/07/2010 |  LTI 22/07/2010 | Anjali Dey |

**Name of Identifier of above Person(s)**
A H Sardar
96/2 , B R Rd., District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700041

**Signature of Identifier with Date**
Anil Hoque Sardar
22/7/10

(Sadhan Chandra Das)
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R.-II SOUTH 24-PARGANAS


 22/07/2010

SITE PLAN OF J.L.NO.11, R.S.NO.29, MOUZA: SIRITI, KHATIAN NO. 118, DAG NO.723, BEING K.M.C. PREMISE.NO. 188, BANAMALI BANERJEE ROAD, KOLKATA–700082, UNDER WARD NO. 115, P.S.: THAKURPUKUR, DISTRICT: SOUTH 24 PARGANAS.

GIFTED AREA- MEASURING – 4 COTTAHS 15 CHITTACKS 40 SQ.FT. (SHOWN IN THE RED BORDER)

DONEE'S NAME- SMT. ANJALI DEY.

DONOR'S NAME- SRI SAMBHU NATH DEY.




Anjali Dey

DONEE'S SIGNATURE

Sambhu nath Dey

DONOR'S SIGNATURE

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ....................................

Signature ..............................



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name SAMBHU NATH DEY

Signature Sambhu nath Dey



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ANJALI DEY

Signature Anjali Dey

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ....................................

Signature ..............................

District Sub-Registrar-II, Alipore
South 24-Parganas

Sub-Registrar-II
South 24 Parganas